শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# কালীগঞ্জ উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মাহবুবুজ্জামান আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, কালীগঞ্জ, লালমনিরহাট।

সভার তারিখ : ২৩/০৮/২০২৩।

সময় : বেলাঃ ১১.৩০টায়।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

অনুপস্থিতি : পরিশিষ্ট 'খ'

কালীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যদের শুভেচ্ছা জানান এবং উপজেলা পরিষদে ন্যস্ত সকল বিভাগীয় প্রধানের সহযোগিতা চেয়ে দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে সভার কাজ পরিচালনার জন্য অনুরোধ জানান। জনাব জহির ইমাম, উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম পরিচালনা করেন।

০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

সভায় ২২/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত জুন ২০২৩ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

০২। কমিটি সমূহের সুপারিশ সম্পর্কিত আলোচনা :

উপজেলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদে তার নেতৃত্বাধীন সভাগুলোর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কমিটির সকল সদস্য সচিবগণকে অনুরোধ জানান এবং সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করেন।

বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত : বিভাগওয়ারী বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।

(i) স্বাস্থ্য বিভাগ :

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার দাপ্তরিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, বর্তমানে তার দপ্তরে ডাক্তারের মঞ্জুরীকৃত পদ ২৯টি, কর্মরত ১৬জন এবং শূন্য পদ রয়েছে ১৩টি। হাসপাতালে নার্সের মঞ্জুরীকৃত পদ ৩৯টি কর্মরত ৩৮জন এবং শূন্য পদ ০১টি। বহিঃ বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৫২২৭জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১৭৩১জন এবং আন্তঃ বিভাগে ভর্তি ৮৬৩জন। ইসিজি সেবা প্রদান ১২৭জন এবং আলট্রাসনোগ্রাম ০ জন, এক্স-রে পরীক্ষা ০ জন, প্যাথলজিক্যাল পরীক্ষা ৩৬৪জন এবং স্বাভাবিক প্রসব ৪২জন। এছাড়া ২০/০৮/২০২৩ তারিখ পর্যন্ত তার দপ্তরে করোনা ভাইরাস ১ম ডোজ ২,৩৪,৩২৪জন, ২য় ডোজ ২,১৭,৮৩১জন এবং ৩য় ডোজ ৯৫,০৭৭জন ভ্যাকসিন প্রদান করেছেন বলে সভায় জানান।

সিদ্ধান্ত : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে স্বাস্থ্য সেবার মান উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ii) কৃষি বিভাগ :

উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। কালীগঞ্জ উপজেলায় ৭১৫০ হেক্টর জমিতে উচ্চ ফলনশীল আগাম জাতের উফশী ও হাইব্রিড ধানের আবাদ হয়েছে এবং প্রায় ১০০০ হেক্টর জমিতে শাক-সবজি আবাদ হয়েছে। মাঠ পরিস্থিতি ভালো আছে। সেচ কার্যক্রম নির্বিঘ্নে চলমান থাকলে রোপা আমনের উৎপাদন লক্ষ্যমাত্রা সম্ভব হবে। সমসাময়িক পরিস্থিতিতে মসলা জাতীয় ফসলের আবাদ বৃদ্ধির জন্য কৃষক প্রশিক্ষণ, গ্রুপ মিটিং, প্রদর্শনী বাস্তবায়ন ও উদ্বুদ্ধকরণ সভার আয়োজনের মাধ্যমে কৃষককে সচেতন করার কার্যক্রম চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত এক ইঞ্চি জমিও যাতে পতিত না থাকে সে লক্ষ্যে পতিত জমিতে সবজি চাষ ও মসলা ফসল আবাদের জন্য সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রয়েছে। বৃক্ষ শুধু প্রাকৃতিক শোভাই বাড়ায় না, মাটির ক্ষয়রোধ করে, ঝড় তুফানকে উপেক্ষা করে জীবন ও সম্পদকে রক্ষা করে। আবহাওয়া নিয়ন্ত্রণেও বৃক্ষের ভূমিকা অপরিসীম। বৃক্ষছাড়া পৃথিবী মরুভূমিতে পরিণত হতো, বৃক্ষ অক্সিজেন সরবরাহ করে আমাদের বাঁচিয়ে রাখে। এজন্য সকলকে ০১টি ফলদ গাছ, ০১টি গাছ ও ০১টি ঔষধি গাছের চারা রোপণের জন্য অনুরোধ করা হয়। তিনি আরও জানান যে, উপজেলা পর্যায়ে আবহাওয়া স্টেশন নির্মাণের জন্য উপজেলা পরিষদের ০.০৫ শতাংশ জমির বরাদ্দ একান্ত প্রয়োজন হওয়ায় উপজেলা কৃষি অফিসের মেশিনারি সেডের পাশে ০.০৫ শতক জমি বরাদ্দ প্রদানের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট মহোদয়কে অনুরোধ জানান। উপজেলা পর্যায়ে আবহাওয়া স্টেশন নির্মাণের জন্য উপজেলা পরিষদের ০.০৫ শতাংশ জমি বরাদ্দ প্রদানের নিমিত্ত সকল সদস্যগণ একমত পোষণ করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। এছাড়া গত কৃষি মেলায় সর্বসাধারণের মাঝে ফলজ ও বনজ বৃক্ষের চারা বিতরণ করা হয়েছে মর্মে উপজেলা পরিষদ হতে আর্থিক সহায়তা কামনা করেন। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিভাবে রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-এর উপস্থাপনকৃত আবহাওয়া স্টেশন নির্মাণের জন্য উপজেলা কৃষি অফিসের মেশিনারি সেডের পার্শ্বে উপজেলা পরিষদের ০.০৫ শতাংশ জমি বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(iii) প্রাণিসম্পদ বিভাগ :

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। তিনি জানান যে, এ উপজেলায় আগস্ট/২০২৩ মাসে সংকর জাতের গবাদি পশুর বাছুরের ২৭৬টি, গবাদি পশু ৫৮৪০টি, হাঁস-মুরগী ৫৭০০০টি যার মধ্যে গবাদি পশু ২৫৬০ এবং হাঁস-মুরগী ১২৩৭৩ টির চিকিৎসা প্রদান করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ সংখ্যা ১০টি, ডিজিজ সার্ভিলেন্স সংখ্যা ০২টি, খামারি প্রশিক্ষণ প্রদান সংখ্যা ০ জন এছাড়া তিনি আরোও জানান যে, গতমাসে ২৫৪০ মেট্রিক টন দুধ ও ৪৫৮ মেট্রিক টন মাংস এবং ৪৮ লক্ষ ডিম উৎপাদন করা হয়েছে মর্মে সভায় জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(iv) উপজেলা প্রকৌশলী :

(ক) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির এডিপি/উন্নয়ন তহবিলের আওতায় মাননীয় সমাজকল্যাণ মন্ত্রী মহোদয়ের ডিও পত্র নং-৪১.০০.০০০০.০০১.৯৯.০০১.২৩-৪৩৮ মোতাবেক ০৫টি প্রকল্প, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ চলতি অর্থবছরে নিম্নলিখিত প্রকল্পগুলো অনুমোদনের জন্য দাখিল করেছেন। প্রকল্পসমূহ নিম্নরুপ:

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য (সম্ভাব্য) | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | অন্বেষা সাংস্কৃতিক গোষ্ঠীর সম্প্রসারিত ভবন ও লাইব্রেরী বাস্তবায়ন। | ১৫,০০,০০০.০০ | টেন্ডার | মন্ত্রী মহোদয়ের ডিও পত্র মোতাবেক |
| ০২ | উত্তর বালাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য টয়লেট নির্মাণ। | ৩,০০,০০০.০০ | টেন্ডার | |
| ০৩ | নোহালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের যাওয়ার রাস্তায় ক্ষতিগ্রস্ত ইউড্রেন পুন: নির্মাণ/প্যালাসাইডিং নির্মাণসহ রাস্তা সংস্কার। | ৩,০০,০০০.০০ | টেন্ডার | |
| ০৪ | দক্ষিণ ঘনেশ্যাম আর্মির গোডাউনের সামনে ইউড্রেনসহ রাস্তা মেরামত। | ৩,০০,০০০.০০ | টেন্ডার | |
| ০৫ | আমিনগঞ্জ এর রাস্তায় মহুবার মেম্বারের বাড়ীর নিকট রাস্তায়, আল-আকসা জামে মসজিদে, তুষভান্ডার স্কুল ও উপজেলা পরিষদের মসজিদের পার্শ্বের রাস্তায় সোলার লাইট স্থাপন। | ২,০০,০০০.০০ | টেন্ডার | |
| ০৬ | ভোটমারী ইউনিয়নের ৮নং ওয়ার্ডের শ্রুতিধর মাষ্টারপাড়া নুর ইসলাম মাষ্টারের বাড়ী হইতে রেল লাইন পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ। | ৫,০০,০০০.০০ | টেন্ডার | |
| ০৭ | ভোটমারী ইউনিয়নের ৮নং ওয়ার্ডের শ্রুতিধর মাষ্টারপাড়া জামে মসজিদ ডিসিরোড হতে পূর্ব দিকে রেল লাইন পর্যন্ত রাস্তায় আকরাম এর পুকুরের পার্শ্বে প্যালাসাইডিং নির্মাণ। | ১,৫০,০০০.০০ | টেন্ডার | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | ভোটমারী ইউনিয়নের আফজাল উদ্দিন পাবলিক উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষের চেয়ার, টেবিল সরবরাহকরণ। | ১,৫০,০০০.০০ | পিআইসি | |
| ০৯ | মদাতী ইউনিয়নের কৈটারী মৌজায় সাংবাদিক হামিদুর রহমানের বাড়ী হতে জাহাঙ্গীর আলম চেয়ারম্যান এব বাড়ী পর্যন্ত রাস্তায় এইচবিবিকরণ। | ৬,৫০,০০০.০০ | টেন্ডার | |
| ১০ | মদাতী ইউনিয়নের জব্বারীয়া দাখিল মাদ্রাসার মেইন গেইট নির্মাণ | ১,৫০,০০০.০০ | পিআইসি | |
| ১১ | তুষভান্ডার ইউনিয়নের সুন্দ্রাহবি মৌজার সুন্দ্রাহবি নেছারিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন রাস্তায় এইচবিবিকরণ। | ৬,০০,০০০.০০ | টেন্ডার | |
| ১২ | তুষভান্ডার ইউনিয়নের উত্তর ঘনেশ্যাম সুন্দ্রাহবি নিশ্চিন্তাটারীর পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | ৫,০০,০০০.০০ | টেন্ডার | |
| ১৩ | তুষভান্ডার ইউনিয়ন পরিষদ ভবনের আসবাবপত্র ক্রয়। | ২,০০,০০০.০০ | পিআইসি | |
| ১৪ | তুষভান্ডার ইউনিয়নের কাশিরাম মৌজার এজাজের বাড়ীর সাথে ক্ষতিগ্রস্ত কালভার্ট নির্মাণ। | ২,০০,০০০.০০ | পিআইসি | |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের সংস্কার কাজ, তুষভান্ডার রমনী মোহন মেমোরিয়াল সরকারি উচ্চ বিদ্যালয় মাঠের উত্তর দিকে বাউন্ডারী ওয়ালের অসামাপ্ত কাজ সমাপ্তকরণ। | ৪,০০,০০০.০০ | টেন্ডার | |
| ১৬ | দলগ্রাম ইউনিয়ন পরিষদের পিছনের রাস্তায় এইচবিবিকরণ। | ৬,৫০,০০০.০০ | টেন্ডার | |
| ১৭ | দলগ্রাম ইউনিয়ন পরিষদের আসবাবপত্র সরবরাহকরণ। | ১,৫০,০০০.০০ | পিআইসি | |
| ১৮ | চন্দ্রপুর ইউনিয়নের লতাবর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের ০২টি শ্রেণিকক্ষ সংস্কার ও ০২টি ল্যাট্রিণ নির্মাণ। | ৬,৫০,০০০.০০ | টেন্ডার | |
| ১৯ | চন্দ্রপুর ইউনিয়নের জামেনা রওশন আরা মহিলা কলেজের আসবাবপত্র সরবরাহকরণ। | ১,৫০,০০০.০০ | পিআইসি | |
| ২০ | গোড়ল ইউনিয়নের ৯টি ওয়ার্ডে হত দরিদ্র পরিবারের মাঝে নলকুপ সরবরাহকরণ। | ৭,০০,০০০.০০ | টেন্ডার | |
| ২১ | গোড়ল ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী সরবরাহকরণ। | ১,৫০,০০০.০০ | পিআইসি | |
| ২২ | চলবলা ইউনিয়নের সোনারহাট স্কুল এন্ড কলেজের স্কয়ার বার দ্বারা গ্রিল নির্মাণ। | ১,৫০,০০০.০০ | টেন্ডার | |
| ২৩ | চলবলা ইউনিয়নের অচিনতলা দাখিল মাদ্রাসার ছলিং ও প্লাষ্টারকরণ। | ১,৫০,০০০.০০ | টেন্ডার | |
| ২৪ | চলবলা ইউনিয়নের শিয়ালখোওয়া স্কুল এন্ড কলেজে ০১টি ল্যাপটপ, ০১টি ডেক্সটপ ও ০১টি প্রজেক্টর সরবরাহকরণ। | ২,০০,০০০.০০ | টেন্ডার | |
| ২৫ | চলবলা ইউনিয়নের বিভিন্ন এলাকায় হত দরিদ্র পরিবারের মাঝে নলকুপ সরবরাহকরণ। | ৫,০০,০০০.০০ | টেন্ডার | |
| ২৬ | চলবলা ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধূলার সামগ্রী বিতরণ। | ১,৫০,০০০.০০ | পিআইসি | |
| ২৭ | কাকিনা ইউনিয়ন পরিষদের ওয়েটিং রুমের গাথুনি ও দরজা জ্বালানাসহ অসামাপ্ত কাজ সমাপ্তকরণ। | ৬,৫০,০০০.০০ | টেন্ডার | |
| ২৮ | কাকিনা ইউনিয়নের ৭, ৮ ও ৯নং ওয়ার্ডের হত দরিদ্র পরিবারের মাঝে রিং-স্লাব বিতরণ। | ১,৫০,০০০.০০ | পিআইসি | |
| ২৯ | উপজেলা ভূমি অফিস, কালীগঞ্জ, লালমনিরহাট সংস্কার। | ৫,০০,০০০.০ | টেন্ডার | উপজেলা নির্বাহী অফিসার |
| ৩০ | কালীগঞ্জ থানা, লালমনিরহাট এর ওয়েটিং রুম সংস্কার এবং গ্যারেজ নির্মাণ। | ৫,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৩১ | তুষভান্ডার সাব-রেজিষ্ট্রার অফিস এর সামনের রাস্তায় পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ ও হেরিংবন্ডকরণ। | ৫,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৩২ | শিয়ালখোওয়া কলেজের ল্যাট্রিন নির্মাণ, মাঠ সংস্কার ও আসবাবপত্র সরবরাহকরণ এবং ভূল্ল্যারহাট কেন্দ্রীয় মসজিদ ও বাজার এলাকায় পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | ৫,০০,০০০.০০ | টেন্ডার | ভাইস চেয়ারম্যান |
| ৩৩ | কালীগঞ্জ উপজেলার গরীব ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ | ১,৫০,০০০.০০ | টেন্ডার | |
| ৩৪ | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন স্থানে নলকুপ সরবরাহকরণ। | ১,৫০,০০০.০০ | পিআইসি | |
| ৩৫ | কাকিনা ইউনিয়নের ২নং ওয়ার্ডের জিল্লুর রহমানের বাড়ী হতে বাবুর আলী ভিটা পর্যন্ত রাস্তায় এইচবিবিকরণ। | ২,৫০,০০০.০০ | টেন্ডার | মহিলা ভাইস চেয়ারম্যান |
| ৩৬ | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ও ধর্মীয় প্রতিষ্ঠানে ফ্যান সরবরাহকরণ এবং অসহায় পরিবারের মাঝে নলকুপ বিতরণ। | ৪,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৩৭ | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী বিতরণ। | ১,৫০,০০০.০০ | পিআইসি | |
| ৩৮ | ভোটমারী বজলার রহমান বালিকা বিদ্যালয়ের শ্রেণিকক্ষ নির্মাণ। | ৫,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৩৯ | মদাতী কদমতলা রাস্তায় এইচবিবিকরণ ও অসামাপ্ত কাজ সমাপ্তকরণ। | ৭,০০,০০০.০০ | টেন্ডার | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪০ | চন্দ্রপুর ইউনিয়নের বুড়িরহাট আদর্শ উচ্চ বিদ্যালয়ের অফিস কক্ষ নির্মাণ। | ৫,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৪১ | চন্দ্রপুর স্কুল এন্ড কলেজের ওয়াশরুম ও রহমানিয়া মাদ্রাসার ওয়াসরুম সংস্কার। | ৫,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৪২ | কাশীরাম মুন্সির বাজার ইসলামিক ফাউন্ডেশন এর অসমাপ্ত কাজ সমাপ্তকরণ। | ৫,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৪৩ | আমিনগঞ্জ রাস্তায় এইচবিবিকরণ ও অসামাপ্ত কাজ সমাপ্তকরণ। | ৫,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৪৪ | কাকিনা গোড়লের দোলার রাস্তার অসামাপ্ত কাজ সমাপ্তকরণ। | ৮,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৪৫ | চন্দ্রপুর বোতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে ব্যাচ ভরাটকরণ। | ২,০০,০০০.০০ | পিআইসি | |
| ৪৬ | কাশীরাম চৌরাস্তা আল-আমিনের বাড়ীর সামনে পাকা রাস্তা সংলগ্ন ড্রেন নির্মাণ। | ৩,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৪৭ | দলগ্রাম পাটোয়ারীটারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ। | ৪,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৪৮ | চন্দ্রপুর খামারভাতী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ। | ৩,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৪৯ | বৈরাতী নুর ইসলামের বাড়ীর সামনের মসজিদ হতে ও বক্করের বাড়ীর সামনে রাস্তায় এইচবিবিকরণ। | ৬,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৫০ | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানে নলকুপ স্থাপন। | ১০,০০,০০০.০০ | আরএফকিউ | |
| ৫১ | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানে স্ট্রীট লাইট স্থাপন। | ১০,০০,০০০.০০ | আরএফকিউ | |
| ৫২ | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী বিতরণ। | ১০,০০,০০০.০০ | আরএফকিউ | |
| ৫৩ | দু:স্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন সরবরাহকরণ। | ২,০০,০০০.০০ | পিআইসি | |
| ৫৪ | কালীগঞ্জ উপজেলার হত দরিদ্রদের মাঝে নলকুপ রিতরণ। | ২,০০,০০০.০০ | পিআইসি | |
| ৫৫ | গোড়ল ইউনিয়নের গান্ডারপাড় শ্বশ্মানের পার্শ্বে প্যালাসাইডিং নির্মাণ এবং টেপারহাট স্কুল যাওয়ার রাস্তায় প্যালাসাইডিং নির্মাণ। | ৬,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৫৬ | গোড়ল ইউনিয়নের দক্ষিণ গোড়ল আদর্শ উচ্চ বিদ্যালয়ের বারান্দা নির্মাণ/সংস্কার | ২,০০,০০০.০০ | পিআইসি | |
| ৫৭ | কাশীরাম মৌজার ইজারাদার জামে মসজিদের মাদ্রাসার অসমাপ্ত কাজ সমাপ্তকরণ। | ৫,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৫৮ | উত্তর বাংলা কলেজের আসবাবপত্র ক্রয়। | ৪,০০,০০০.০০ | টেন্ডার | |
| ৫৯ | চলবলা ইউনিয়নের আসবাবপত্র ক্রয়। | ২,০০,০০০.০০০ | পিআইসি | |
| ৬০ | উপজেলা পরিষদের ঝড়ে ক্ষতিগ্রস্ত ভবনের ছাদ, টয়লেট মেরামত ও আসবাবপত্র ক্রয়। | ২,০০,০০০.০০ | পিআইসি | |
| ৬১ | চাপারহাট হতে কালভৈরবগামী রাস্তায় ব্রীজ এপ্রোচ ও সোল্ডার মেরামতকরণ। | ২,০০,০০০.০০ | পিআইসি | |
| ৬২ | উপজেলা প্রাণিসম্পদ অফিস সংলগ্ন রাস্তার পার্শ্বে প্যালাসাইডিং নির্মাণ। | ২,০০,০০০.০০ | পিআইসি | |
| ৬৩ | তুষভান্ডার হতে আমিনগঞ্জগামী ক্ষতিগ্রস্ত রাস্তার বিভিন্ন চেইনেজে ব্যাচ কেলিংএবং মাটিভরাটসহ মেরামত। | ২,০০,০০০.০০ | পিআইসি | |
| ৬৪ | তুষভান্ডার আরডিআরএস অফিস হতে চাপারহাটগামী পাকা রাস্তা সংলগ্ন কাচা রাস্তার উপরের কালভার্ট মেরামত। | ২,০০,০০০.০০ | পিআইসি | |
| ৬৫ | আনুষাঙ্গিক ব্যয়। | ২,০০,০০০.০০ | -- | |

সিদ্ধান্ত: (ক) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত প্রকল্পসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। আলোচনান্তে সকল সদস্যগণ একমত পোষণ করলে তা অনুমোদন করা হয়। উল্লিখিত প্রকল্পসমূহের অনুকূলে উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে দ্রুত প্রাক্কলন প্রস্তুতপূর্বক জরুরী ভিত্তিতে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। উল্লেখ্য যে, উক্ত প্রকল্পসমূহের অনুকূলে প্রাক্কলন প্রস্তুত করতে অর্থের সংকুলান হলে পরবর্তীতে থোক বরাদ্দ হতে সমন্বয় করার জন্য অনুরোধ জানানো হয়।

(খ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরের তুষভান্ডার মহিলা ডিগ্রী কলেজের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা (পিআইসি) বরাদ্দ প্রদান করা হয়েছিল যা বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তাই উক্ত প্রকল্পটি ২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত প্রস্তাবিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত: (খ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত তুষভান্ডার মহিলা ডিগ্রী কলেজের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের প্রকল্পের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং ২০২৩-২৪ অর্থবছরের থোক বরাদ্দ হতে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(v) মৎস্য বিভাগ :

সিনিয়ার উপজেলা মৎস্য অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় জানান যে, ২৪ জুলাই ২০২৩ হতে ৩০ জুলাই পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ সুষ্ঠ ও সুন্দরভাবে উদ্‌যাপিত হয়েছে তাই তিনি সকলে প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এছাড়া তিনি আগামী মাসে ইলিশের প্রধান প্রজনন মৌসুমের সময় নির্দিষ্ট সময় ইলিশ মাছ ধরা বন্ধ থাকবে মর্মে সভাকে অবহিত করেন। তাই তিনি সকলের সচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট বিতরণ, পোস্টার, মাইকিং, সচেতনামূলক সভা-সেমিনার কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে জানান। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় জানান।

সিদ্ধান্ত : সিনিয়ার উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করার অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(vi) পরিবার পরিকল্পনা বিভাগ :

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সংক্রান্ত কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছেন পুরুষ ০ জন, মহিলা ০ জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতি গ্রহণ করেছেন আই ইউ ডি ৫০০ জন, ইমপ্ল্যান্ট ৩৫ জন। অস্থায়ী পদ্ধতি (ক) খাবার বড়ি বিতরণ (সুখী) ১০৪৪২ চক্র, (খ) খাবার বড়ি বিতরণ (আপন) ৫০০ চক্র, কনডম ৬৬৯০ পিস, ইনজেকটেবলস ১৬১৫টি (ভায়াল) বিতরণ করা হয়েছে। তিনি জানান মোট সক্ষম দম্পতি ৫৪৯১০ জন এবং মোট পদ্ধতি গ্রহণকারী ৪৩৫৭৫ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৭৯.৩৬%। মা ও শিশু কার্যক্রম সম্পর্কে তিনি আরও জানান যে, নিবন্ধনকৃত গর্ভবতী মায়ের সংখ্যা পুরাতন ১২৩৯ জন, নতুন গর্ভবতী ২০৩ জন মোট গর্ভবতী ১৪৪২ জন, গর্ভবর্তীর পরিচর্যা ৯৫১ জন, নরমাল ডেলিভারী ২২০ জন, সিজারিয়ান ৬২ জন এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারী ২২ জন। ০-৫ বছরের শিশুর সেবা প্রদান করা হয়েছে ৯৪৪ জন কিশোর-কিশোরী বয়ঃসন্ধিকাল সেবা দেয়া হয়েছে ২০৪৩ জনকে এবং সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে ২৮৪০ জনকে। অত্র উপজেলায় ৫৩টি স্যাটেলাইট কমিউনিটি ক্লিনিকের মধ্যে সম্পাদিত হয়েছে ৩৫টি। তিনি আরও জানান যে, মাঠ পর্যায়ে বাড়ী বাড়ী দম্পতি রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম অব্যাহতরাখাসহ বিভাগীয় কর্যক্রম গতিশীল করতে হবে।

(vii) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, দূর্যোগ ব্যবস্থা মন্ত্রণালয়ের অধীন ০৭টি ব্রীজের মধ্যে ০৩টি ব্রীজের কাজ চলমান রয়েছে এবং নতুন ব্রীজ নির্মাণের জন্য চাহিদা প্রেরণ করা হয়েছে। ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে দূর্যোগ ব্যবস্থাপনা কমিটি গঠন করার জন্য অনুরোধ করেন। টি,আর ও কাবিখা প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করে বিল উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে গৃহিত প্রকল্পের ব্রীজের কাজ দ্রুত সম্পন্নকরণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(viii) মাধ্যমিক শিক্ষা বিভাগ :

উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অম্বেষণ প্রতিযোগিতা শেষ করা হয়েছে। জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩ উপজেলা পর্যায়ে যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন মূল্যায়ন ক্যাটাগরীর কাজ চলমান আছে। প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটরিং এর কাজ এবং অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করার অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ix) প্রাথমিক শিক্ষা দপ্তর :

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। ২য় প্রান্তিক মূল্যায়ন ২১/০৮/২০২৩ হতে ২৯/০৮/২০২৩ পর্যন্ত সময়ে চলবে। প্রাথমিক বিদ্যালয়গুলোতে ডেঙ্গুর ঝুঁকি রয়েছে মর্মে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। বোতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে একটু বৃষ্টি হলে পানিতে ডুবে যায় এ বিষয়ে তিনি পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুনামেন্ট ২০২৩ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনায় যথাসময়ে উপজেলা পর্যায়ের খেলা সম্পন্ন করা হয়েছে। কিন্তু উক্ত খেলা পরিচালনায় ৩৮,৮০০/- (আটত্রিশ হাজার আটশত) টাকার ঘাটতি রয়েছে মর্মে উপজেলা পরিষদ হতে উক্ত টাকার অনুকূলে প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট মহোদয়কে অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে।

সিদ্ধান্ত (ক) উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর বঙ্গবন্ধু ও বঙ্গমাতা প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুনামেন্ট ২০২৩ এর খেলা পরিচালনায় জন্য ৩৮,৮০০/- (আটত্রিশ হাজার আটশত) টাকার বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

(x) সমাজসেবা বিভাগ :

উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে জিটুপি প্রক্রিয়ায় ৪র্থ কিস্তিতে ৩৩,৯৮৭ জনের পে-রোল সম্পন্ন হয়েছে এবং ভাতাভোগীগণ যথাযথভাবে ভাতার টাকা উত্তোলন করেছেন। প্রতিবন্ধী জরিপ কার্যক্রম শুরু হয়েছে মর্মে সভায় জানান। জুলাই ২০২৩ মাসে পুরোটাই প্রতি সোমবার জরিপ কার্যক্রম পরিচালিত হবে। ঈদের আগে ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত এতিমখানাগুলোতে ২য় কিস্তির অর্থ ছাড়করণের কাজ চলছে মর্মে সভায় জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

(xi) জনস্বাস্থ্য প্রকৌশলী :
উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০৮টি অগভীর নলকূপের স্থান নির্বাচন বিষয়ে সভায় সকলের জ্ঞাতার্থে উপস্থাপন করেন। উপজেলা ওয়াটস্যান কমিটির সভা নিয়মিত আহবান করা হচ্ছে। ২০২২-২৩ অর্থ বছরে অগভীর নলকূপের কাজ শীঘ্রই শুরু করা হবে মর্মে সভাকে জানান। MBTW ৫৬টি অগভীর নলকূপের চাহিদা প্রদান করা হয়েছে। কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিটের অবশিষ্ট ১০টি বোরিং কাজ চলমান রয়েছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে PEDP-4/NBIDNNGP-1/NBIDGP-1 প্রকল্পের আওতায় ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে। এছাড়া তার বিভাগীয় স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্ত : উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ-কে বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

(xii) সমবায় বিভাগ :
উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা সমবায় বিভাগ কর্তৃক ০৪টি আশ্রয়ণ এবং ০৪টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের কার্যক্রম চলমান আছে। ০৪টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে কাশীরাম, ভোটমারী-১ এবং ভোটমারী-২ আশ্রয়ণ প্রকল্প সম্পূর্ণরূপে নদীগর্ভে বিলীন হয়ে গেছে এবং বোতলা আশ্রয়ণ ও মহিষামুড়ী আশ্রয়ণ ফেইজ-২ এবং উত্তর বালাপাড়া আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পের ব্যারাক হাউজের ঘড়গুলো মেরামত না করায় পুনর্বাসিত পরিবারগুলো ব্যারাক হাউজ ছেড়ে অন্যত্র বসবাস করছে। আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের আওতায় চলমান প্রকল্পগুলো হলো ১) উত্তর বালাপাড়া, ২) উত্তর দলগ্রাম কালভৈরব, ৩) উত্তর দলগ্রাম বড়দীঘির পাড় এবং ৪) মহিষামুড়ী আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্প। উল্লিখিত ০৪টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পে মোট ৩৪০টি পরিবার পুনর্বাসিত হয়েছে। উক্ত পুনর্বাসিত পরিবারের মধ্যে আগস্ট/২০২৩ মাস পর্যন্ত মোট ৩৬,৪৭,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। উক্ত ঋণের মধ্যে আগস্ট ২০২৩ মাসেমোট আসল ১৯,০৬,৬১৭/- এবং ১,৫২,২৩৮/- সার্ভিস চার্জ আদায় করা হয়েছে। উক্ত সার্ভিস চার্জ এর মধ্যে ৩% হিসেবে আশ্রয়ণ প্রকল্পে ৫৪,৯৩০/- টাকা প্রেরণ করা হয়েছে। আলোচ্য মাস পর্যন্ত অত্র কার্যালয়ের আওতাধীন ৬৬টি প্রাথমিক সমিতির মধ্যে ২০২১-২০২২ অর্থ বছরের অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। চলমান আটটি সম্পাদনকৃত অডিটের প্রেক্ষিতে অডিট ফি বাবদ ৩৯,৬৩০/- টাকা, সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৭০,৮২৮/- টাকা ও ভ্যাট বাবদ ৩,৪৬৫/- টাকা আদায় করা হয়েছে। উক্ত টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া বর্তমানে তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে কালীগঞ্জ উপজেলায় আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় বর্তমান মাস পর্যন্ত ১১টি আশ্রয়ণ প্রকল্প সমূহের নিবন্ধন কার্যক্রম প্রক্রিয়া চলমান রয়েছে।

সিদ্ধান্ত : সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

(xiii) মহিলা বিষয়ক দপ্তর :
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের আওতায় জুন ২০২৩ মাসের ২১৩৬জন উকারভোগীদের খাদ্যশষ্য বিতরণের আদেশ দেয়া হয়েছে এবং জোবেদা অটো রাইস মিল, আদিতমারী কর্তৃক খাদ্যশষ্য ইউনিয়ন পর্যায়ে পরিবহণের মাধ্যমে সরবরাহ করত: খাদ্যশষ্য বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরের অক্টোবর হতে এপ্রিল/২৩ হতে জুন/২৩ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী WTC প্রশিক্ষণ কেন্দ্রে দর্জি বিজ্ঞান ট্রেডে ১০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় জুন/২৩ মাসে ঋণের কিস্তি বাবদ সুদাসলসহ ২,৯৪৮/- টাকা আদায় হয়েছে এবং ব্যাংকে জমা করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। জুন/২৩ মাসে স্থিতির পরিমাণ ৫০৭১৫৭/২৬ টাকা। অত্র কার্যালয়ের অধীনে ০৮টি ইউনিয়নে অবস্থিত ০৮টি ক্লাবের ক্লাব প্রতি ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরসহ মোট ৩০ জন হিসেবে ২৪০ জন সংগীত ও আবৃত্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। জুন/২৩ মাসে জজ কোর্ট, লালমনিরহাট হতে নারী ও শিশু নির্যাতন বিষয়ে কোন মামলা তদন্তের জন্য অত্র কার্যালয়ে জমা পরে নাই। এছাড়াও তিনি জানান যে, অত্র কার্যালয়টি বারান্দার কাঠ ও টিন নষ্ট হয়ে যাওয়ায় ব্যাবহারের অনুপযোগী হেতু প্রয়োজনীয় ব্যবস্থা গগ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xiv) পল্লী উন্নয়ন :
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ক্ষুদ্র ঋণ, এসএমই ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। খেলাপি ঋণ আদায়ে নোটিশ প্রদান করা হয়েছে। বিআরডিবি পল্লী ভবনের কমন বাথরুম সমবায়ী ও পল্লী উন্নয়ন প্রকল্পের সদস্যদের অসুবিধার কথা বিবেচনা করে মেরামত করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট মহোদয়কে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বরাদ্দ সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানান। তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xv) যুব উন্নয়ন বিভাগ :
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, জুন ২০২৩ মাস পর্যন্তমোট ৮৩৮২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্তমান অর্থ বছরে বরাদ্দ সাপেক্ষে প্রশিক্ষণ প্রদান করা হবে। জুন/২০২৩ মাসে তুষভান্ডার ইউনিয়নের আওতায় ৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১৫ আগস্ট উপলক্ষে ০৩ জন যুবককে ১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার) টাকা ঋণ প্রদান করা হয়েছে। সর্বমোট ১,৬১,২৯,৫০০/- (এক কোটি একষট্টি লক্ষ উনত্রিশ হাজার পাঁচশত) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার ৮০%। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় জানান।

সিদ্ধান্ত : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xvi) ফরেষ্টার উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র :

ফরেষ্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হলো না।

সিদ্ধান্ত : ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট-কে পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়।

০৪। বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত :

(ক) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, চলবলা ইউনিয়নের তেঁতুলীয়া মৌজার নান্দনার বিল দোলার প্রায় ২০০ একর জমির জলাবদ্ধতা নিরসনকল্পে প্রায় ৮০০ ফিট পাকা নালা নির্মাণ করা একান্ত জরুরী। তাই তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদান সাপেক্ষে জলাবদ্ধতা নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে চলবলা ইউনিয়নের তেঁতুলীয়া মৌজার নান্দনার বিল দোলার প্রায় ২০০ একর জমির জলাবদ্ধতা নিরসনকল্পে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে বরাদ্দ সাপেক্ষে ৮০০ ফিট পাকা নালা নির্মাণপূর্বক জলাবদ্ধতা নিরসনের দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(খ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, (১) কাকিনা ইউনিয়নের ১নং ওয়ার্ডের মন্টু মিয়ার বাড়ী হইতে নুরুজ্জামান এর বাড়ী পর্যন্ত পানি নিষ্কাশনের জন্য পিবিসি পাইপ স্থাপন করা হয়েছে; যার বিল ৩৩,৫০০/- (তেত্রিশ হাজার পাঁচশত) টাকা চেয়ারম্যান, কাকিনা ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট প্রদান করেছেন। (২) মোঃ সফিকুল ইসলাম, পিতাঃ রেজাউল করিম, গ্রামঃ কাশীরাম, ইউনিয়নঃ তুষভান্ডার, কেশব চন্দ্র রায়, পিতা: অনিল চন্দ্র রায়, গ্রাম:তেতুলীয়া, ইউনিয়ন চলবলা, কালীগঞ্জ, লালমনিরহাট এর আবেদনের প্রেক্ষিতে প্রত্যেকে ২,৫০০/- টাকা করে মোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা শিক্ষাবৃত্তি প্রদান করা হয়, (৩) বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর খেলা পরিচালনার জন্য ৩৮,৮০০/- (আটত্রিশ হাজার আটশত) টাকা উপজেলা শিক্ষা অফিসার এর আবেদনের প্রেক্ষিতে প্রদান করা হয়েছে, (৪) ৫০ তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শিক্ষার গ্রীষ্মকালীন খেলাধূলা পরিচালনা বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারে আবেদনের প্রেক্ষিতে পরিশোধ করা হয়েছে এবং (৫) উপজেলা পরিষদ চত্বরে সাইকেল গ্যারেজ নির্মাণের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের জন্য ১,১০,৫০০/- (এক লক্ষ দশ হাজার পাঁচশত) টাকার বিলগুলি জরুরী হওয়ার কারণে ইতোমধ্যে পরিশোধ করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর উল্লিখিত বিলসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত বিলসমূহ দ্রুত পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(গ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা শিশু পার্কটি দীর্ঘদিন ধরে সংস্কারের অভাবে পরিত্যক্ত অবস্থায় থাকার কারণে উক্ত পার্কে বিভিন্ন ধরণের বখাটে ছেলেদের উৎপাতের কারণে উপজেলা পরিষদের আবাসিক ক্যাম্পাসের পরিবেশ দিন দিন নষ্ট হয়ে পড়েছে। তাই উক্ত শিশু পার্কটি বিনোদনের জন্য লীজ প্রদান করা যায় কি-না সে বিষয়ে সকল সদস্যদের মতামত প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন। উক্ত বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলানান্তে আইনগত বাধা না থাকলে সকল সদস্যগণ লীজ প্রদানে একমমত পোষণ করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত: উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত উপজেলা শিশু পার্কটি বিনোদনের জন্য আইনগত কোন বাধা না থাকলে লীজ প্রদানের বিষয়ে সকল সদস্যগণ একমত পোষণ করণে তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ঘ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর অর্থায়নে উপজেলা পরিদের মেইনগেট ও ক্যাম্পাস এর সীমানা প্রাচীর নির্মাণের নিমিত্ত ইতোমধ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার ০৫ জুন ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০৩২.১৪-১৭৪নং স্মারকমূলে স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত ডিজাইন ও বর্তমান রেট সিডিউল অনুযায়ী লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলা পরিষদ এর মেইনগেট ও ক্যাম্পাস এর সীমানা প্রাচীর নির্মাণের বিষয়টি বিবেচনার লক্ষ্যে পৃথক পৃথক প্রাক্কলন প্রস্তুতপূর্বক তথ্যাদি প্রেরণের জন্য পুনরায় পত্র প্রেরণ করেন। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট কর্তৃক প্রস্তুতকৃত পৃথক পৃথক প্রাক্কলন নিম্নে ছক মোতাবেক উল্লেখ করা হলো (প্রস্তুতকৃত প্রাক্কলন সংযুক্ত)। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-এর উপস্থাপনকৃত বিষয়ের উপর সকল সদস্যগণ একমত পোষণ করলে সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

| ক্রঃ নং | সীমানা প্রাচীরের সামনের দুরত্ব | প্রাক্কলিত মূল্য | সীমানা প্রাচীরের পিছনের দুরত্ব | প্রাক্কলিত মূল্য | সর্বমোট প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|---|---|
| ১. | ২৪১ মিটার | ৩৯,৬১,২২৩/- | ৭৬০ মিটার | ১,১৭,৮৫,৮০১/- | ১,৫৭,৪৭,০২৪/- |
| ২. | উপজেলা পরিষদের গেট নির্মাণ বাবদ | ২২,৪৪,০৬৮/- | -- | -- | ২২,৪৪,০৬৮/- |

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর অর্থায়নে উপজেলা পরিষদের ক্যাম্পাস এর সীমানা প্রাচীরের সামনের ও পিছনের মোট প্রাক্কলিত মূল্য ১,৫৭,৪৭,০২৪/- (এক কোটি সাতান্ন লক্ষ সাতচল্লিশ হাজার চব্বিশ) টাকা এবং উপজেলা পরিষদের মেইনগেট নির্মাণের নিমিত্ত প্রাক্কলিত মূল্য ২২,৪৪,০৬৮/- (বাইশ লক্ষ চুয়াল্লিশ হাজার আটষট্টি) টাকার পৃথক পৃথক প্রাক্কলনসহ প্রয়োজনীয় তথ্যাদি স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পুনরায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ঙ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা পরিষদ নন-মিউনিসিপাল প্রকল্পের আওতায় পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করেন। উক্ত সভায় সকল সদস্যগণ একমত পোষণ করলে সকলের সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা পরিষদ নন-মিউনিসিপাল প্রকল্পের আওতায় পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণের জন্য দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাটকে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(চ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদের ভবনের পিছনে ঝড়ে উপরে পরা ইউক্লিপটাস গাছটি বিক্রয়পূর্বক উপজেলা পরিষদের জামে মসজিদের টয়লেট মেরামত/সংস্কারের জন্য ব্যয় করার অনুমতি প্রদানের জন্য উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করেন। উপস্থাপনকৃত প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনান্তে সকল সদস্যগণের সম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে উপজেলা পরিষদের ভবনের পিছনে ঝড়ে উপরে পরা ইউক্লিপটাস গাছটি বিক্রয়পূর্বক উপজেলা পরিষদের জামে মসজিদের টয়লেট মেরামত/সংস্কারের কাজে ব্যয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ছ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলা পরিষদের রাস্তার অভ্যন্তরে অবস্থিত প্রাণিসম্পদ অফিস থেকে পশ্চিম পার্শ্বে পাকারোড এবং কৃষি অফিস হতে শিশু পার্ক এবং কোয়ার্টার পর্যন্ত রাস্তায় আরসিসি নির্মাণের কাজ চলমান রয়েছে। উক্ত রাস্তায় বিদ্যামান ০৪টি কদম গাছ ও ০২টি আম গাছের ১২,০৪৭.৬০ (বার হাজার সাতচল্লিশ টাকা ষাট পঁয়সা) টাকার মূল্য নির্ধারণী প্রতিবেদন উপজেলা ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক ও বনায়ন নার্সারী, কালীগঞ্জ, লালমনিরহাট কর্তৃক দাখিল করেছেন মর্মে সভায় উপস্থাপন করেন। উল্লিখিত গাছসমূহ মূল্য নির্ধারণী প্রতিবেদন সাপেক্ষে রাস্তার চলমান কাজের সুবিধার্থে ঠিকাদারের নিকট বিক্রয়পূর্বক উপজেলা পরিষদের জামে মসজিদের সংস্কার/মেরামত কাজে ব্যবহার করার বিষয়ে উপস্থিত সকল সদস্যগণের অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে কালীগঞ্জ উপজেলা পরিষদের রাস্তার অভ্যন্তরে অবস্থিত প্রাণিসম্পদ অফিস থেকে পশ্চিম পার্শ্বে পাকারোড এবং কৃষি অফিস হতে শিশু পার্ক এবং কোয়ার্টার পর্যন্ত রাস্তায় আরসিসি নির্মাণের কাজ চলমান থাকায় উক্ত রাস্তায় বিদ্যামান ০৪টি কদম গাছ ও ০২টি আম গাছের মূল্য নির্ধারণী প্রতিবেদন সাপেক্ষে রাস্তার চলমান কাজের সুবিধার্থে ঠিকাদারের নিকট বিক্রয়পূর্বক বিক্রয়ের অর্থ উপজেলা পরিষদের জামে মসজিদের সংস্কার/মেরামত কাজে ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ছ) ইউজিডিপি প্রকল্প সম্পর্কিত : সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (৬ষ্ঠ পর্যায়) কালীগঞ্জ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে/রাস্তায় সোলার লাইট/স্ট্রীট লাইট স্থাপন জন্য ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকার প্রকল্প গ্রহণপূর্বক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে মর্মে সভায় সকলের অবগতির জন্য উপস্থাপন করেন। সভায় উপস্থাপনকৃত প্রকল্পের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (৬ষ্ঠ পর্যায়) কালীগঞ্জ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে/রাস্তায় সোলার লাইট/স্ট্রীট লাইট স্থাপন সংক্রান্ত ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকার প্রকল্প দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিহাট জানান যে, মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় এর দাখিলকৃত অন্বেষা সাংস্কৃতিক গোষ্ঠির সম্প্রসারিত ভবন নির্মাণ ও লাইব্রেরী বাস্তবায়নের প্রকল্পটি এডিপি/উন্নয়ন তহবিল হতে নীতিমালা ও বিধি মোতাবেক যাচাই সাপেক্ষে টেন্ডার ও বাস্তবায়ন করা হবে মর্মে সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিহাট-কে মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় এর দাখিলকৃত অন্বেষা সাংস্কৃতিক গোষ্ঠির সম্প্রসারিত ভবন নির্মাণ ও লাইব্রেরী বাস্তবায়নের প্রকল্পটি এডিপি/উন্নয়ন তহবিল হতে নীতিমালা ও বিধি মোতাবেক যাচাই সাপেক্ষে টেন্ডার ও বাস্তবায়ন প্রক্রিয়া সম্পন্ন করা যায় কি-না সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

সমাপনী বক্তব্যে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাগণকে উপস্থিত থেকে সুনির্দিষ্ট সিদ্ধান্ত/মতামত গ্রহণের জন্য ধন্যবাদ জানান। এছাড়া তিনি মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গঠনে সকলকে আন্তরিক হয়ে নিষ্ঠার সাথে কাজ করার আহবান জানান।

অতঃপর সভায় আর অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৮/২৩

(মাহবুবুজ্জামান আহমেদ)
তারিখঃ- ২৩-০৮-২০২৩
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
কালীগঞ্জ, লালমনিরহাট।

উপজেলা পরিষদ কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।

স্মারক নম্বর:- ০৫.৪৭.৫২৩৯.০০০.০৩.০৪৮.২০২৩-৮১২ (৩৫) | তারিখ: ০৮ শ্রাবন ১৪৩০ / ২৩ আগষ্ট ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব নুরুজ্জামান আহমেদ এমপি ও মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্ম সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
৮। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
৯। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
১০। উপজেলা ------------------------------------------------------------ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
১১। চেয়ারম্যান ---------------------------------------------------- (সকল) ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট।
১২। জনাব ----------------------------------------------------------------------- কালীগঞ্জ, লালমনিরহাট।

২৩/৮/২৩

(জহির ইমাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।

পরিশিষ্ট ''ক'' উপস্থিতি সদস্য স্বাক্ষরের ক্রমানুযায়ী (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৪. | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৫. | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৩. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ | ১৬. | উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৪. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ | ১৭. | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৫. | চেয়ারম্যান, ভোটমারী ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৬. | চেয়ারম্যান, মদাতী ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৯. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৭. | চেয়ারম্যান, তুষভান্ডার ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২০. | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৮. | চেয়ারম্যান, দলগ্রাম, ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২১. | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ |
| ০৯. | চেয়ারম্যান, চন্দ্রপুর ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২২. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১০. | চেয়ারম্যান, গোড়ল ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৩. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১১. | চেয়ারম্যান, চলবলা ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১২. | চেয়ারম্যান, কাকিনা ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৫. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৩. | উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৬. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |

পরিশিষ্ট ''খ''-তে সদস্য অনুপস্থিত দেখানো হলো :

| | |
|---|---|
| ০১. | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০২. | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট |

**My Documents: E: Resulation : 23-08-2023**